

১৭ জানুয়ারি ১৯৮৫

## যুদ্ধই যার আশ্রয়, যুদ্ধই যার মৃত্যু

নাটক : মাদার কারেজ ও তার ছেলেমেয়ে। রচনা : বের্টেল্ট ব্রেখ্ট। প্রযোজনা : অনার্স। নির্দেশনা : মধুভূতী  
দত্ত। রবীন্দ্রসদন। ২ জানুয়ারি ১৯৮৪

বাঙালি নাটক প্রযোজকদের  
কাছে বের্টেল্ট ব্রেখ্টের আকর্ষণ  
প্রায় অপ্রতিরোধ্য। অথচ তার  
অন্যতম সেরা নাটক 'মাদার  
কারেজ আ্যাণ্ড হার চিল্ড্রেন' কেন  
এতকাল অভিনীত হয় নি, অস্তত  
প্রকাশ্যে নিশ্চয় হয় নি, তার কারণ  
রহস্যজনক। সপ্তদশ শতাব্দীতে  
তিরিশ বছরের যে ধর্মযুদ্ধ ঘটেছিল,

সেই ইওরোপীয় অভিজ্ঞতার সঙ্গে  
জড়ানো এই নাটকটি বাঙালি  
দর্শকদের কাছে কতখানি গ্রহণযোগ্য  
হবে, বোধহয় সে বিষয়ে বিধাই এই  
অনাগ্রহের বড় কারণ। তাছাড়া  
যাকে ঘিরে এই নাটকটি তৈরি  
হয়েছে, সেই মাদার কারেজ  
চরিত্রের নানামুখী গোলমেলে  
জটিলতাকে কীভাবে এবং কতখানি

প্রকাশ করা যাবে, সে বিষয়ে  
সংশয়ও থাকতে পারে। মোট কথা,  
অনেক দিক থেকেই বোধহয় দুরাহ  
বিবেচিত ছিল এই প্রযোজন।  
এ অবস্থায় অনার্স-র মতো নতুন  
দল তাদের নবীন নাটককারীদের  
নিয়ে এই নাটকটির বাংলা রূপ  
'মাদার কারেজ ও তার ছেলেমেয়ে'  
নামে যে উপস্থিত করতে উদ্যত

হয়েছেন, সে-সংবাদই তাদের  
সাহসিকতার বড় সাক্ষ্য। প্রথম  
অভিনয় (১৩ নভেম্বর ৮৪) দেখে  
বোৰা গেল, এ শুধু দুর্মোহন নয়,  
যোগ্যতারও প্রমাণ। প্রযোজনার  
প্রতিটি স্তরে তাদের আন্তরিকতা ও  
শ্রমের পরিচয় পাওয়া যায়।  
কাজটি কঠিন এবং অভিনয়ও  
সেদিন ছিল প্রথম, তাই বহু